


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)

তারিখঃ ০৭ মার্চ ২০২২  
২২ ফাল্গুন ১৪২৮

**প্রেস রিলিজ**

আজ ঐতিহাসিক ৭ই মার্চ। বাঙ্গালি জাতির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে এক অনন্য দিন। ১৯৭১ সালের এই দিনে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমান সোহারাওয়ার্দী উদ্যান) বিশাল জনসমুদ্রে দাঁড়িয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ডাক দেন। ঐতিহাসিক দিবসটি উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

পরবর্তী কর্মসূচীর অংশ হিসেবে কমিশনের সভাকক্ষে বিকাল ২.৪৫ মিনিটে বঙ্গবন্ধুর দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শন করা হয়। এ সময় কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম বাংলাদেশের স্বাধীনতায় বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভূমিকা, অবদান, গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোচনা করেন। তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন বাস্তবায়নে বঙ্গবন্ধুর আর্দশ বুক ধারণ করে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সকলকে নিজ নিজ দায়িত্ব পালনে সচেষ্ট থাকার নির্দেশ প্রদান করে কর্মসূচীর সমাপ্তি করেন।



(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : [shekhrueldu@gmail.com](mailto:shekhrueldu@gmail.com)